

রাবিতে শিক্ষার্থী ছাড়াই পরীক্ষা!

রাবি বিশ্ববিদ্যালয় : ক্যাম্পাসে ধর্মঘট ও অবরোধের কারণে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের পরীক্ষায় কোন শিক্ষার্থী উপস্থিত হতে না পারলেও পরীক্ষা সম্পন্ন হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। গত ৭ ফেব্রুয়ারি বিভাগটির তৃতীয় বর্ষের ৩০৭ নম্বর কোর্সের পরীক্ষা হওয়ার কথা থাকলেও ছাত্রদলের ধর্মঘট ও দেশব্যাপী অবরোধের কারণে নিরাপত্তাহীনতার কারণে কোন শিক্ষার্থী উপস্থিত হতে না পারলেও সেটি সম্পন্ন হয়েছে বলে শিক্ষার্থীদের জানানো হয়েছে। এদিকে শিক্ষার্থীদের অনুপস্থিতিতেই পরীক্ষা সম্পন্ন হয়েছে বিভাগের এমন সিদ্ধান্তে চাণা ফোভ বিরাজ করছে ডুর্ভোগী শিক্ষার্থীদের মধ্যে।

বিভাগ সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের তৃতীয় বর্ষের দুইদিন পরীক্ষা গত ৭ ফেব্রুয়ারি থেকে শুরু হওয়ার কথা থাকলেও দেশব্যাপী চলমান অবরোধ-হরতাল ও ক্যাম্পাসে ছাত্রদলের অনির্দিষ্টকালের ধর্মঘটের কারণে ওইদিন কোন শিক্ষার্থীই পরীক্ষার হলে উপস্থিত হতে পারেনি। ফলে ওইদিন বিভাগের পক্ষ থেকে কোন পরীক্ষা নেওয়া সম্ভব হয়নি। তবে নিখরিত তারিখের ওই পরীক্ষায় শিক্ষার্থীরা অনুপস্থিত থাকলেও সেটি সম্পন্ন হয়েছে এবং আগামী বছরে কোর্স উন্নয়ন পরীক্ষা হিসেবে শিক্ষার্থীদের তা দিতে হবে বলে বিভাগের পক্ষ থেকে জানিয়ে দেওয়া হয়েছে।

এদিকে দেশের চলমান সহিংস হরতাল-অবরোধের মধ্যেই পরীক্ষা নেওয়া ও তাতে কোন শিক্ষার্থী অংশ গ্রহণ না করা সত্ত্বেও পরীক্ষা সম্পন্ন হয়েছে বিভাগের এমন সিদ্ধান্তে শিক্ষার্থীদের মধ্যে চাণা ফোভ বিরাজ করছে। শিক্ষার্থীরা অভিযোগ করে বলেন, অবরোধ-হরতালের কারণে আমাদের অনেক সহপাঠী বাসা থেকে আসতে পারেনি। তাদের কথা বিবেচনা করে আমরা ৭ ডারিখের

নিখরিত পরীক্ষা পেছানোর জন্য বিভাগীয় সভাপতির কাছে আবেদন করি। এছাড়া পরীক্ষার দিন থেকেই ছাত্রদল ক্যাম্পাসে অনির্দিষ্টকালের ধর্মঘটের ডাক দেয় এবং বিভাগের প্রতিটি কক্ষ ও অফিস রুমের তালায় সুপার গ্লু লাগিয়ে অকেজো করে দেয়। ফলে আমরা জীবনের নিরাপত্তার কথা ভেবে পরীক্ষা দিতে যাইনি। শিক্ষার্থীদের কথা না ভেবে বিভাগীয় সভাপতি রাজনৈতিক উদ্দেশ্যে এমন সিদ্ধান্ত নিয়েছেন বলে জানান তারা।

এবারপারে বিভাগের সভাপতি প্রফেসর ড. আহসান কবির বলেন, দেশের রাজনৈতিক অস্থিরতায় শিক্ষার্থীদের কথা বিবেচনা করে এর আগে আমরা কয়েকবার পরীক্ষা পিছিয়েছি। সর্বশেষ গত ৭ ডারিখ থেকে তৃতীয় বর্ষের পরীক্ষা শুরু করার সিদ্ধান্ত হয়। ওইদিন হরতাল না থাকলেও শিক্ষার্থীরা ইচ্ছা করেই পরীক্ষা দিতে আসেনি। এ ঘটনায় শিক্ষকদের সাথে পরামর্শ সাপেক্ষে পরীক্ষা নিয়েছি এই মর্মে পরীক্ষা নিয়ন্ত্রক ও রেজিস্টার বরারের চিঠি দিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানিয়েছি।

বিশ্ববিদ্যালয় ডিপি প্রফেসর ড. মুহম্মদ মিজনউদ্দিন বলেন, পরীক্ষার বিষয়টি একান্ত বিভাগের সিদ্ধান্ত। এক্ষেত্রে আমার কিছু বলার নেই। তবে কোন শিক্ষার্থী নিরাপত্তার বিষয়ে অভিযোগ করলে ভেবে দেখা হবে জানান তিনি।

আজ ও কাল শিবিরের ধর্মঘট এদিকে রাবি শাখা শিবির নেতা শাহাবুদ্দীনকে হত্যা ও ৬ দফা দাবি আদায়ের লক্ষ্যে আগামী বুধ ও বৃস্পতিবার ক্যাম্পাসে সর্বাঙ্গিক ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্র শিবির।

গতকাল মহলবার বেলা ১২টার দিকে শিবিরের প্রচার সম্পাদক ফরহাদ রেজা এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে এক কর্মসূচির ঘোষণা দেন।